# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩৭৬

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس )

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

## الْفَصْلُ الثَّالِثُ

আরবী

وَعَنْ عَبْدِ الْوَاحِدِ بْنِ أَيْمَنَ عَنْ أَبِيهِ قَالَ: دَخَلَتْ عَلَى عَائِشَةَ وَعَلَيْهَا دِرْعٌ قِطْرِيٌّ ثَمَنُ خَمْسَةِ دَرَاهِمَ فَقَالَتْ: ارْفَعْ بَصَرَكَ إِلَى جَارِيَتِي انْظُرْ إِلَيْهَا فَإِنَّهَا تُزْهَى أَنْ تَلْبَسَهُ فِي البيتِ وَقد كَانَ لِي مِنْهَا دِرْعٌ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَمَا كَانَتِ امْرَأَةٌ تُقَيَّنُ بِالْمَدِينَةِ إِلَّا أَرْسَلَتْ إِلَيَّ تَسْتَعِيرُهُ. رَوَاهُ الْبُخَارِيّ

বাংলা

৪৩৭৬-[৭৩] ’আবদুল ওয়াহিদ ইবনু আয়মান (রহঃ) তাঁর পিতা হতে বর্ণনা করেন। তিনি বলেন, আমি এক সময় ’আয়িশাহ্ (রাঃ)-এর কাছে গেলাম। দেখলাম, তিনি পাঁচ দিরহাম মূল্যের মোটা সূতার একটি কামীস পরিধান করে আছেন। তিনি বললেনঃ আমার এ দাসীটাকে একটু চোখ তুলে দেখ, বাড়িতেও সে এটা ব্যবহার করতে অস্বীকার করে। অথচ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে আমার ঐ রকমই একটি কামীস ছিল, মদীনার কোন মেয়েকে যখনই (বিয়ে শাদীতে) সাজানো হত, তখন লোক পাঠিয়ে আমার নিকট হতে তা সাময়িকভাবে নিয়ে যেত। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৬২৮, আস্ সুনানুল কুবরা লিল বায়াহাক্বী ১১৮০৭, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩২৯১, আল মু‘জামুল আওসাত্ব ৩৭৬১, শারহুস্ সুন্নাহ্ ২১৫৯।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ এ হাদীস দ্বারা প্রমাণিত হয় যে, তৎকালে ‘আরবে বিয়ে উপলক্ষ্য এরূপ পোশাক ধার দেয়া-নেয়ার প্রচলন ছিল। ইসলাম এ পদ্ধতিকে নিষেধ করেনি। বিয়ে উপলক্ষ্য কারও কোন বিশেষ পোশাক বা অলংকার ধার দেয়া-

নেয়া বৈধ। ‘আয়িশাহ্ (রাঃ) তার বোন আসমা (রাঃ)-এর নিকট থেকে একটি গলার হার ধার নিয়েছিলেন যে ঘটনা সহীহুল বুখারীতেই উল্লেখিত হয়েছে। এ হাদীস দ্বারা মা ‘আয়িশাহ্ (রাঃ)-এর উদারতা, বিনয় ও পরোপকারিতা ইত্যাদি গুণাবলীর প্রকাশ ঘটেছে। (ফাতহুল বারী ৫ম খন্ড, হাঃ ২৬২৭-২৬২৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল ওয়াহিদ ইবনু আয়মান (রহঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75100

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন